তারিখ ... 25 DEC 2016 ...
পৃষ্ঠা ৭ ৬ ... কলাম ... ৫ ......

সংবাদ



ব্রাহ্মণবাড়িয়ার চিনাইরে ১৩তম শিশু মেধা বৃত্তি পরীক্ষা দিচ্ছে শিক্ষার্থীরা -সংবাদ

# ব্রাহ্মণবাড়িয়ায় ১৩তম শিশু মেধা বৃত্তি পরীক্ষা

প্রতিনিধি, ব্রাহ্মণবাড়িয়া

কড়া নিরাপত্তা ব্যবস্থা ও উৎসবমুখর পরিবেশে গত শুক্রবার সকালে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার মাছিহাতা ইউনিয়নের চিনাইরে অনুষ্ঠিত হয়েছে ১৩তম শিশু মেধা বৃত্তি পরীক্ষা। চিনাইর শিশু মেধাবৃত্তি ফাউন্ডেশন আয়োজিত মেধাবৃত্তি পরীক্ষায় এবছর জেলার ৯টি উপজেলার মধ্যে ৭টি উপজেলার (ব্রাহ্মণবাড়িয়া সদর, বিজয়নগর, সরাইল, আখাউড়া, কসবা, আশুগঞ্জ ও নাসিরনগর) ৬৫টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীর ১৬২১জন শিক্ষার্থী অংশ নেয়। বেলা ১১টায় চিনাইর বঙ্গবন্ধু শেখ মুজিব অনার্স কলেজ ও চিনাইর আঞ্জুমান আরা উচ্চ বিদ্যালয়ে পরীক্ষা শুরু হয়। পরীক্ষা চলাকালে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জান্নাতুল ফেরদৌস, বিজয়নগর উপজেলা নির্বাহী কর্মকর্তা আখতার উন নেছা শিউলী, চিনাইর শিশু মেধাবৃত্তি ফাউন্ডেশনের সদস্য সচিব অধ্যক্ষ মকবুল আহাম্মদ পরীক্ষার হল পরিদর্শন করেন।

খোঁজ নিয়ে জানা গেছে এই অঞ্চলের শিশুদের মধ্যে দেশপ্রেম জাগ্রত, শিশুদেরকে মেধা ও মনন বিকশিত করার জন্য ব্রাহ্মণবাড়িয়া সদর আসনের সাংসদ ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি র.আ.ম. উবায়দুল মোকতাদির চৌধুরী এম.পি ২০০৪ সালে এই মেধাবৃত্তি পরীক্ষা চালু করেন।

প্রথম বছর জেলার ১৭টি শিক্ষা প্রতিষ্ঠানের ২৬৫জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অবসরপ্রাপ্ত মহাপরিচালক প্রফেসর, ফাহিমা খাতুন চিনাইর শিশু মেধাবৃত্তি ফাউন্ডেশনের সভাপতি, চিনাইর বঙ্গবন্ধু শেখ মুজিব অনার্স কলেজের অধ্যক্ষ মকবুল আহাম্মদ এর সদস্য সচিব। মেধাবৃত্তি চালুর পর থেকে প্রতি বছরই বাড়ছে পরীক্ষার্থীর সংখ্যা।

জানা গেছে, মেধাবৃত্তি পরীক্ষায় অংশ গ্রহণকারীদের মধ্যে শতকরা ৫ ভাগকে ট্যালেন্টপুলে এককালীন ২ হাজার টাকা এবং পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে শতকরা ১৫ ভাগকে সাধারণ বৃত্তি হিসেবে ১ হাজার ৫ শত টাকা দেয়া হয়। এ ব্যাপারে চিনাইর শিশু মেধাবৃত্তি ফাউন্ডেশনের প্রধান পৃষ্ঠপোষক এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি র.আ.ম. উবায়দুল মোকতাদির চৌধুরী এম.পি বলেন, চিনাইর শিশু মেধাবৃত্তি পরীক্ষা ইতিমধ্যেই একটি বৈশিষ্ট্যপূর্ণ মেধাবৃত্তি হিসেবে চিহ্নিত হয়েছে।